

আপনার যা জানা দরকার

# লিজিয়নার্স রোগ

লিজিয়নার্স হল একধরনের নিউমোনিয়া। এটি ব্যাকটেরিয়া থেকে হয়, এবং এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তিতে ছড়িয়ে পড়ে না।

এটি অ্যান্টিবায়োটিকের মাধ্যমে সহজেই চিকিৎসা করা যায়, বেশীরভাগ মানুষই প্রথম দিকে চিকিৎসা করলে সুস্থ হয়ে ওঠে।

ব্যাকটেরিয়া সহ জলীয় বাষ্প শরীরে গেলে মানুষ অসুস্থ হয়ে যায় (উদাহরণস্বরূপ, দূষিত কুলিং টাওয়ারগুলো থেকে যে ধোঁয়া নির্গত হয়)। জানালার সঙ্গে যুক্ত এয়ার কন্ডিশনারগুলো থেকে কোনো সমস্যা নেই।

যদি আপনার বয়স 50 বা তার বেশী হয় (বিশেষ করে যদি আপনি ধূমপান করেন), ক্রনিক লাং ডিজিজ থাকে, দুর্বল ইমিউন সিস্টেম থাকে বা এমন কোনো ওষুধ সেবন করেন যা আপনার ইমিউন সিস্টেম দুর্বল করে দেয় তাহলে আপনার বেশী ঝুঁকি রয়েছে।

**দেড়ি করবেন না! অসুস্থ বোধ করলে চিকিৎসা করান।**

- যদি আপনার জ্বর হয়, ঠান্ডা লাগে, পেশীতে ব্যথা বা কাশি হয় তাহলে অবিলম্বে চিকিৎসা করান।
- এটি আরো বিশেষ করে প্রয়োজন যদি শারীরিক অসুস্থতার কারণে আপনার শ্বাসকষ্ট হয় বা আপনি ধূমপায়ী হন।
- আপনার হেলথ কেয়ার প্রোভাইডারকে বলুন যে আপনি লিজিয়নার্স রোগ নিয়ে চিন্তিত। আপনার লিজিয়নার্স রোগ হয়েছে না অন্য সংক্রমণ হয়েছে তা সম্পর্কে নিশ্চিত হতে আপনার প্রোভাইডারকে পরীক্ষা করতে হবে।

[nyc.gov/health/legionnaires](http://nyc.gov/health/legionnaires) এ আরো তথ্য খুঁজুন

**NYC**  
Health